



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
এ/২, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬  
ফ্যাক্স ন-৮০৩৫০৫৩, ই-মেইলঃ [jpuf38@yahoo.com](mailto:jpuf38@yahoo.com)

নং -৪১.০২.০০০০.০০৬.০০.০৮৯.২০২০-৮১৭

আশ্বিন ১৪২৭  
০৭ অক্টোবর ২০২০

**বিষয় :** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২০-২০২১ এর লক্ষ্যমাত্রা অর্জন বিষয়ে মাসিক এবং ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।

উপরি-উক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন কর্তৃক ২০২০-২০২১ অর্থ বছরে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরিত হয়েছে। জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর সাথে ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

০২। উল্লেখ্য, ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র হতে সেবা সংক্রান্ত তথ্যাদি পাওয়ার পর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রতি ত্রৈমাসিক প্রতিবেদন সমাজকল্যাণ মন্ত্রণালয়ে ১/২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করতে হয়। সেক্ষেত্রে ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ সকল কেন্দ্রের তথ্যাদিসহ সঠিক সময়ে প্রেরণ করার জন্য প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রসমূহ হতে এ দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। নির্দেশনা অনুযায়ী সঠিক সময়ে প্রতিবেদন পাওয়া না গেলে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। এমতাবস্থায়, উক্ত কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত সংশ্লিষ্ট ১০৩টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র হতে মাসিক প্রতিবেদন এবং ত্রৈমাসিক প্রতিবেদন নিয়রূপ নির্দেশনা ও ছক অনুযায়ী আবশ্যিকভাবে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের ই-মেইলে (ই-মেইল: [jpuf38@yahoo.com](mailto:jpuf38@yahoo.com), সফটকপি এবং হার্ড কপি) প্রেরণ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

(শেখ হামিম হাসান)

(যুগ্মসচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ)

☎ ৮০৩৫০৪৬

ফ্যাক্স: ৮০৩৫০৫৩, ই-মেইল: [jpuf38@yahoo.com](mailto:jpuf38@yahoo.com)

**বিতরণ :** কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা / কনসালট্যান্ট (ফিজিওথেরাপি)  
প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র-১০৩টি।

অনুলিপি : অবগতির জন্য প্রেরণ করা হলো :

১. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা।
২. জনাব দুলাল চন্দ্র বমন, প্রোগ্রামার, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ঢাকা।

ছক :

ক্রমিক	মাসিক প্রতিবেদন	তারিখ	ত্রৈমাসিক প্রতিবেদন		তারিখ
১.	জুলাই-২০২০	প্রতিমাসের ১/৫ তারিখের মধ্যে	প্রথম ত্রৈমাসিক প্রতিবেদন	জুলাই-২০২০ হতে সেপ্টেম্বর-২০২০ পর্যন্ত	অক্টোবর-২০২০ মাসের ১/২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে।
২.	আগস্ট-২০২০				
৩.	সেপ্টেম্বর-২০২০				
৪.	অক্টোবর-২০২০	ঐ	দ্বিতীয় ত্রৈমাসিক প্রতিবেদন	অক্টোবর-২০২০ হতে ডিসেম্বর-২০২০ পর্যন্ত	জানুয়ারি-২০২১ মাসের ১/২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে।
৫.	নভেম্বর-২০২০				
৬.	ডিসেম্বর-২০২০				
৭.	জানুয়ারি-২০২১	ঐ	তৃতীয় ত্রৈমাসিক প্রতিবেদন	জানুয়ারি-২০২১ হতে মার্চ-২০২১ পর্যন্ত	এপ্রিল-২০২১ মাসের ১/২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে।
৮.	ফেব্রুয়ারি-২০২১				
৯.	মার্চ-২০২১				
১০.	এপ্রিল-২০২১	ঐ	৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন	এপ্রিল-২০২১ হতে জুন-২০২১ পর্যন্ত	জুন-২০২১ মাসের ১/২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে।
১১.	মে-২০২১				
১২.	জুন-২০২১				

(শেখ হামিদ হাসান)

(সুপারসচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ)

☎ ৮০৩৫০৪৬